গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
হরিপুর, ঠাকুরগাঁও।

| | | |
|---|---|---|
| বিষয় | : | ফেব্রুয়ারি- ২০২৪খ্রিঃ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী। |
| সভাপতি | : | জনাব মোঃ জিয়াউল হাসান<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও। |
| তারিখ | : | ২৮ ফেব্রুয়ারি, ২০২৪খ্রিঃ |
| সময় | : | বেলা ১১.০০ ঘটিকা। |
| স্থান | : | উপজেলা পরিষদ হলরুম। |

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" তে দ্রষ্টব্য।**

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর মহোদয়ের (অনিবার্য কারণবশতঃ) অনুপস্থিতিতে তাঁর প্রতিনিধি হিসেবে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভা পরিচালনা করেন। সভায় পূর্ববর্তী মাসের সভার কার্যবিবরণী পাঠ করা হলে তাতে কোন সংযোজন বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০২। <u>বিভাগীয় আলোচনা ও সিদ্ধান্ত</u>

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, হরিপুর |
| স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, গত [illegible] ফেব্রুয়ারি তারিখে হাসপাতালের জনবল নিয়ে একটি সভা করা হয়েছে। [illegible] ১৩ জন ডেপুটেশনে ছিল। গত মাসে ১৮ জনের ডেপুটেশন আদেশ বাতিল করা হয়েছে। হাসপাতালে [illegible] বাড়াতে সকলের কাছে সহযোগিতা কামনা করেন। হাসপাতালে ৫টি [illegible] আছে। সিজার চালু করলে ভালো হবে কিন্তু ডাক্তার নেই। হাসপাতালে ড্রেন ও বিদ্যুতের সমস্যা আছে। এক্স-রে মেশিন আছে। লোকবল এটি চালু করতে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আল্ট্রাসনোগ্রাম মেশিন হাসপাতালে নেই। এই মেশিন ক্রয়ের জন্য উপজেলা থেকে বাজেট দিতে অনুরোধ করেন। [illegible] ও খাবার হোটেলে মোবাইল কোর্ট পরিচালনা করতে উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হরিপুর |
| প্রাণি সম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, হরিপুর, ঠাকুরগাঁও। |
| মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, দেশি মাছ এখন বিলুপ্তপ্রায়। দেশি মাছ সংরক্ষণ করতে একটি অভয়াশ্রম স্থাপন করা প্রয়োজন। এছাড়াও অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, হরিপুর। |
| পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, ০২ নং আমগাঁও ইউনিয়নের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রটি পুনরায় নির্মাণ করা বিশেষ প্রয়োজন। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হরিপুর। |
| শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, সাম্প্রতিক সময়ে প্রধান শিক্ষকগণের নিকট থেকে একটি অভিযোগ পাওয়া যাচ্ছে তা হলো বিদ্যালয়ের নির্মাণ কাজের ঢালাই ভালো হচ্ছে না। কাঁঠালডাঙ্গী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যাতে হাট না বসে সে জন্য সকলকে অনুরোধ করেন। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, হরিপুর। উপজেলা প্রকৌশলী, হরিপুর। |

<table>
<tr>
<td>প্রকৌশলী দপ্তর</td>
<td>০৩। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের চেয়ারম্যান কোয়ার্টারটি পুরাতন হয়ে যাওয়াই এটি বসবাসের জন্য প্রায় অনুপযোগী হয়ে গেছে। উপজেলা পরিষদের মালঞ্চ কোয়ার্টার ভবনটি অকেজো হয়ে গেছে, উপজেলা পরিষদের শাশ্বত কোয়ার্টারটি অকেজো হয়ে গেছে, উপজেলা পরিষদের সীমানা প্রাচীর ও গেট মেরামতকরণ প্রয়োজন, উপজেলা পরিষদের ড্রেন ব্যবহারের জন্য অনুপযোগী হয়ে গেছে। তাই জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদের চেয়ারম্যান কোয়ার্টার, উপজেলা পরিষদের মালঞ্চ কোয়ার্টার, উপজেলা পরিষদের শাশ্বত কোয়ার্টার, উপজেলা পরিষদের সীমানা প্রাচীর ও গেট, উপজেলা পরিষদের ড্রেন মেরামতকরণ করা প্রয়োজন। এ অবস্থা হতে উত্তরণে মেরামতের জন্য প্রাক্কলন প্রস্তুতপূর্বক সভায় উপস্থাপন করা হয়। যা নিম্নরূপঃ-
<table>
<tr><td>কাজের নামঃ</td><td>প্রাক্কলিত টাকার পরিমাণ</td></tr>
<tr><td>০১.উপজেলা পরিষদের ড্রেন মেরামতকরণ</td><td>২০,০০,০০০/-</td></tr>
<tr><td>০২.উপজেলা পরিষদের সীমানা প্রাচীর ও গেট মেরামতকরণ</td><td>২৬,০০,০০০/-</td></tr>
<tr><td>০৩.উপজেলা পরিষদের শাশ্বত কোয়ার্টার মেরামত করণ</td><td>১৫,০০,০০০/-</td></tr>
<tr><td>০৪.উপজেলা পরিষদের মালঞ্চ কোয়ার্টার মেরামতকরণ</td><td>২০,০০,০০০/-</td></tr>
<tr><td>০৫.উপজেলা পরিষদের চেয়ারম্যান কোয়ার্টার মেরামতকরণ</td><td>১৫,০০,০০০/-</td></tr>
<tr><td>মোট</td><td>৯৬,০০,০০০/-</td></tr>
</table>
এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>সভায় উপস্থাপিত প্রাক্কলনসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী, হরিপুর।</td>
</tr>
<tr>
<td>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর</td>
<td>সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই।</td>
<td>দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে।</td>
<td>সহকারী প্রোগ্রামার, হরিপুর।</td>
</tr>
<tr>
<td>জনস্বাস্থ্য প্রকৌশল</td>
<td>উপজেলা প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, টিউবওয়েলের ঠিকাদার নির্বাচন করা হয়েছে। কিন্তু মালামাল এখনো আসেনি, আগামীই কাজ শুরু করা হবে। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই।</td>
<td>দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে।</td>
<td>উপজেলা প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, হরিপুর।</td>
</tr>
<tr>
<td>উপজেলা সমাজসেবা দপ্তর</td>
<td>উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই।</td>
<td>দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে।</td>
<td>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, হরিপুর।</td>
</tr>
<tr>
<td>যুব উন্নয়ন দপ্তর</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, অত্র দপ্তরের ঋণ ও প্রশিক্ষণ কার্যক্রম চলমান। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই।</td>
<td>দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হরিপুর।</td>
</tr>
<tr>
<td>সমবায় দপ্তর</td>
<td>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, অত্র উপজেলায় সমবায় বিভাগে সমবায় সমিতি অডিট নিষ্পন্ন, প্রশিক্ষণ চলমান রয়েছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক।</td>
<td>দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে।</td>
<td>উপজেলা সমবায় কর্মকর্তা, হরিপুর।</td>
</tr>
<tr>
<td>খাদ্য দপ্তর</td>
<td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, অত্র উপজলায় এখন আমন ধান সংগ্রহ চলমান রয়েছে। এখন পর্যন্ত ৮৩৩ টন আমন ধান কেনা হয়েছে। এছাড়াও অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই।</td>
<td>দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে।</td>
<td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হরিপুর।</td>
</tr>
<tr>
<td>পরিসংখ্যান দপ্তর</td>
<td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা(ভাঃ) সভায় জানান যে, হরিপুর উপজেলার অর্থনৈতিক শুমারীর জনবল সংগ্রহের জন্য ভাইভার বিজ্ঞপ্তি দেয়া হবে। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তেমন কোন সমস্যা নেই।</td>
<td>দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে।</td>
<td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, হরিপুর।</td>
</tr>
<tr>
<td>আনসার ও ভিডিপি দপ্তর</td>
<td>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, ২১ দিন ব্যাপী মৌলিক প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণার্থী আগামী ০৩ মার্চ তারিখে জেলায় বাছাই করা হবে। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক।</td>
<td>দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে।</td>
<td>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, হরিপুর।</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| [illegible] বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, ফেব্রুয়ারি/২০১৪খ্রিঃ মাসে মা ও শিশু সহায়তা কার্যক্রম এর তালিকা দেওয়া হয়নি। সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে দ্রুত তালিকা জমা দেওয়ার জন্য অনুরোধ করা হয়। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হরিপুর। |
| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, প্রশিক্ষণ ও ঋণ বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। এছাড়াও অন্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হরিপুর। |
| বন বিভাগ | ফরেস্টার,সদর নার্সারী সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ফরেস্টার,সদর নার্সারী, হরিপুর। |
| [illegible] দপ্তর | সহকারী প্রকৌশলী বিএমডিএ সভায় জানান, যাদুরানী-মনগাঁও খাল প্লাবিত হয়ে ফসল নষ্ট হচ্ছে। এটি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী বিএমডিএ, হরিপুর। |
| পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, হরিপুর। |
| তথ্য আপা | উপজেলা তথ্যসেবা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | তথ্য সেবা কর্মকর্তা, হরিপুর। |
| চেয়ারম্যান উপজেলা পরিষদ | উপজেলা চেয়ারম্যান সভায় জানান, হাসপাতালের এক্স-রে মেশিনটি উপজেলা থেকে দেওয়া হয়েছিল। আই.পি.এস. বিষয়েও ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। উপজেলা থেকে হাসপাতালে আল্ট্রাসনোগ্রাম মেশিন সরবরাহের জন্যও চেষ্টা করা হবে। অদ্য সভায় অনেক দপ্তর অনুপস্থিত। এই বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। যাদুরানী, ধীরগঞ্জ, কাঁঠালডাঙ্গী বাজার মেরামত করা প্রয়োজন। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর। |
| ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ | উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা) সভায় জানান, অত্র উপজেলার কাজের গতি বাড়াতে হবে। আজকের সভায় অনেক গুরুত্বপূর্ণ আলোচনা হয়েছে। হরিপুরের উন্নয়নে যে কোন সহযোগিতার প্রয়োজন থাকলে জনানোর জন্য অনুরোধ করেন। | সার্বিক পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান |
| চেয়ারম্যান, ২ নং আমগাঁও ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ২ নং আমগাঁও ইউপি সভায় জানান, যাদুরানী হাটে ড্রেনের সমস্যা রয়েছে। হাটে চুরি প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া প্রয়োজন। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে এবং যাদুরানী হাট মেরামত করতে হবে। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর।<br>চেয়ারম্যান ২ নং আমগাঁও ইউপি |
| চেয়ারম্যান ৩ নং বকুয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান ৩ নং বকুয়া ইউপি সভায় জানান, ঠাকিঠুকির ব্রীজটা জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। এছাড়াও ধীরগঞ্জ বাজারে মাটি ভরাট করা প্রয়োজন। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। এবং ধীরগঞ্জ বাজারে মাটি ভরাট করতে হবে। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর।<br>চেয়ারম্যান ৩ নং বকুয়া ইউপি |
| চেয়ারম্যান ৫ নং হরিপুর ইউনিয়ন | চেয়ারম্যান ৫ নং হরিপুর ইউপি সভায় জানান, অনেক দপ্তর মাসিক সভায় উপস্থিত থাকে না। কাশীগঞ্জ বাজারে অনেক সমস্যা তাই জরুরী ভিত্তিতে এটি মেরামত করা প্রয়োজন। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে এবং কাশীগঞ্জ বাজার মেরামত করা প্রয়োজন। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা |

| | | | |
|---|---|---|---|
| পরিষদ | | | নির্বাহী অফিসার, হরিপুর। চেয়ারম্যান ৫ নং হরিপুর ইউপি |
| চেয়ারম্যান, ৬ নং ভাতুরিয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ৬ নং ভাতুরিয়া ইউপি সভায় জানান, কাঁঠালডাঙ্গী হাটের জমির পরিমাণ খুব কম এবং দোকানপাট বেশি। এই মাঠে এখন হাট বসে কিন্তু একটু বৃষ্টি হলে এই মাঠে পানি জমে যার কারণে মাঠে মাটি ভরাট প্রয়োজন। এজন্য তিনি উপজেলা থেকে বাজেট দিতে অনুরোধ করেন। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে এবং মাঠে মাটি ভরাট করতে হবে। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর। ২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর। চেয়ারম্যান ৬ নং ভাতুরিয়া ইউপি |

০৩। **বিবিধঃ**

০১। আলোচনায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর মহোদয় জানান যে, অত্র পরিষদে মার্চ/২০২৪ খ্রিঃ মাসে অগ্রিম আপ্যায়ন খাতে ৩০,০০০/- (ত্রিশ হাজার টাকা মাত্র) এবং আনুষাঙ্গিক খাতে ৫,০০০/- (পাঁচ হাজার টাকা মাত্র) ব্যয় হবে। উক্ত ব্যয় অনুমোদন প্রয়োজন।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| আনুষাঙ্গিক ও আপ্যায়ন ব্যয় বাবদ মোট ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর। ২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

০২। আলোচনায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর মহোদয় জানান যে, অত্র পরিষদে ফেব্রুয়ারিয়ারি/২০২৪খ্রিঃ মাসে ইন্টারনেট খাতে ৫,০০০/-(পাঁচ হাজার টাকা) ব্যয় হয়েছে। উক্ত ব্যয় অনুমোদন প্রয়োজন।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| ইন্টারনেট খাতে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর। ২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

০৩। আলোচনায় উপজেলা চেয়ারম্যান মহোদয় সভায় জানান যে, ফেব্রুয়ারি/২০২৪খ্রিঃ মাসে অত্র উপজেলা পরিষদের প্রাতঃমুখ ভবন-১ চারপাশের আগাছা পরিষ্কারকরণ বাবদ ৯,০০০/-(নয় হাজার টাকা মাত্র) ব্যয় হবে। উক্ত ব্যয় অনুমোদন হওয়া প্রয়োজন।

| সিদ্ধান্তঃ | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা পরিষদের উপজেলা পরিষদের প্রাতঃমুখ ভবন-১ এর চারপাশের আগাছা পরিষ্কারকরণ বাবদ ৯,০০০/-(নয় হাজার) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর। ২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর। ৩। উপজেলা প্রকৌশলী, হরিপুর। |

(০৫) জনাব মোঃ শফিকুল ইসলাম, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে সভায় জানান, উপজেলা পরিষদ জীপগাড়ির জানুয়ারি/২০২৪খ্রিঃ মাসে জ্বালানী বিল বাবদ ৩১,২৫০/- (একত্রিশ হাজার দুইশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়েছে যা অদ্যকার সভায় অনুমোদন করা প্রয়োজন।

বিস্তারিত আলোচনায় বর্ণিত ভ্রমন বিলসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| সিদ্ধান্তঃ | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা পরিষদ জীপগাড়ির জানুয়ারি-২০২৪খ্রিঃ মাসের জ্বালানী ব্যয় বিল বাবদ ৩১,২৫০/- (একত্রিশ হাজার দুইশত পঞ্চাশ) টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। চেয়ারম্যান, উজেলা পরিষদ, হরিপুর। ২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

০৫) জনাব মোঃ শফিকুল ইসলাম, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে সভায় জানান, উপজেলা পরিষদ জীপগাড়ির ফেব্রুয়ারি/২০২৪খ্রিঃ মাসে জ্বালানী বিল বাবদ ৩২,৩০১/- (বত্রিশ হাজার তিনশত এক) টাকা প্রদান করা হবে যা অদ্যকার সভায় অনুমোদন করা প্রয়োজন।

বিস্তারিত আলোচনায় বর্ণিত ভ্রমন বিলসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| সিদ্ধান্তঃ | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা পরিষদ জীপগাড়ির ফেব্রুয়ারি-২০২৪খ্রিঃ মাসের জ্বালানী ব্যয় বিল বাবদ ৩২,৩০১/- (বত্রিশ হাজার তিনশত এক) টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। চেয়ারম্যান, উজেলা পরিষদ, হরিপুর। ২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

(০৮) জনাব মোঃ শফিকুল ইসলাম, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে সভায় জানান, জুলাই/২০২৩ থেকে জানুয়ারি/২০২৪ পর্যন্ত মোট ০৭(সাত) মাসের আপ্যায়ন বাবদ ৫৬,০০০/- (ছাপ্পান্ন হাজার) টাকা ব্যয় হয়েছে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০, অনুচ্ছেদ ৩ এর ক্রমিক নংঃ জ(২) মোতাবেক উপজেলা পরিষদ ভাইস-চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ (সতের) টি উপজেলা কমিটির সভার জন্য মাসিক ৮,০০০/-(আট হাজার) টাকা অপ্যায়নের জন্য ব্যয় করা যাবে। আপ্যায়ন ব্যয়ের প্রস্তাব সদয় অনুমোদন করা হলে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের অর্থ উত্তোলন করা যেতে পারে।

বিস্তারিত আলোচনায় বর্ণিত বিল সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| সিদ্ধান্তঃ | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা পরিষদ ভাইস-চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ (সতের) টি উপজেলা কমিটির সভার জন্য মাসিক ৮,০০০/-(আট হাজার) টাকা অপ্যায়নের জন্য মোট ৫৬,০০০/-(ছাপ্পান্ন | ১। চেয়ারম্যান, উজেলা পরিষদ, হরিপুর। ২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

| | |
|---|---|
| হাজার) টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | |

(০৫) জনাব মোঃ সোহেল রানা, হিসাব সহকারী, উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে সভায় জানান, চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে "জাতীয় স্থানীয় সরকার দিবস"-২০২৪ উদযাপন করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের গত ১১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.৪৮৭.১২(অংশ-৩)-১০৬ নং স্মারক মোতাবেক "জাতীয় স্থানীয় সরকার দিবস"-২০২৪ উদযাপন লক্ষ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে অর্থ ব্যয়ের অনুমতি প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশনা মতে "জাতীয় স্থানীয় সরকার দিবস"-২০২৪ উদযাপন করা হয়েছে। এবং ২৫,০০০/-(পঁচিশ) হজার টাকা ব্যয় বিল দাখিল করেছেন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উক্ত ব্যয় বিল পরিশোধের জন্য অদ্যকার সভায় অনুমোদন করা প্রয়োজন।

বিস্তারিত আলোচনায় বর্ণিত বিলস সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| "জাতীয় স্থানীয় সরকার দিবস"-২০২৪ উদযাপন বিল বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার ) টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

০৪) চেয়ারম্যান, উপজেলা পরিষদ হরিপুর মহোদয় সভায় জানান, উপজেলা পরিষদ অফিসের জীপগাড়িটি অনুপযোগি হয়ে গেছে। যার কারণে গাড়িটি পরিচালনা করতে অনেক সমস্যা হচ্ছে। তাই এই গাড়িটি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০, অনুচ্ছেদ ৩ এর ক্রমিক নং গ মোতাবেক উপজেলা পরিষদ যানবাহন মেরামত বাবদ উপজেলা পরিষদের সিধান্তক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিষোধ করা যেতে পারে। উপজেলা পরিষদ জীবগাড়িটি মেরামত বাবদ =২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। যা উপজেলা পরিষদের সিধান্তক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যেতে পারে।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা পরিষদ জীব গাড়ি মেরামত বাবদ ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

(০৯) চেয়ারম্যান উপজেলা পরিষদ হরিপুর মহোদয় সভায় জানান, সামনে যেহেতু একুশে ফেব্রুয়ারি-শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস তাই এই দিবটি যথাযথভাবে পালনের জন্য উপজেলা পরিষদের শহীদ মিনারটি জরুরী ভিত্তিতে মেরামত ও রংকরণ করা প্রয়োজন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০, অনুচ্ছেদ ৩ এর ক্রমিক নং ক মোতাবেক উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ বাবদ উপজেলা পরিষদের সিধান্তক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিষদ করা যেতে পারে। উপজেলা পরিষদের শহীদ মিনারটি মেরামত ও রংকরণ সংক্রান্ত ব্যয় ২৫,০০০/- (পঁচিশ হাজার) ব্যয় হয়েছে।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা পরিষদের শহীদ মিনারটি মেরামত ও রংকরণ সংক্রান্ত ব্যয় ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা। যা সর্বসম্মতিক্রমে অনুমোদ করা হলো। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

আর কোন আলোচনা না থাকায় সকলকে পুনরায় ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০২/২০২৪

মোঃ জিয়াউল হাসান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভা
হরিপুর, ঠাকুরগাঁও।

স্মারক নং- ০৫.৫৫.৯৪৫১.০০০.০৩.০০৩.২৪-১২৪

তারিখঃ ২৮/০২/২০২৪খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১। মাননীয় সংসদ সদস্য, ৪ ঠাকুরগাঁও-২
০২। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও।
০৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও।
০৬। উপজেলা ........................................ কর্মকর্তা, হরিপুর, ঠাকুরগাঁও।
০৭। চেয়ারম্যান ........................................(সকল) ইউপি, হরিপুর, ঠাকুরগাঁও।

২৮/০২/২০২৪

উপজেলা নির্বাহী অফিসার
হরিপুর, ঠাকুরগাঁও।